

পাবনায় ১০ দিনব্যাপী বৈশাখী মেলা শুরু

- A Monitor Desk Report

Date: 15 April, 2024



পাবনা: বাংলাদেশ স্কুল ও কুটির শিল্প কর্পোরেশনের (বিসিকের) উদ্যোগে পাবনায় ১০ দিনব্যাপী বৈশাখী মেলা শুরু হয়েছে।

রবিবার (১৪ এপ্রিল) সন্ধ্যায় জেলা সদরের বীর মুক্তিযোদ্ধা রফিকুল ইসলাম বকুল স্বাধীনতা চত্বরে মেলার উদ্বোধন করেন পাবনা সদর-০৫ আসনের সংসদ সদস্য গোলাম ফারুক প্রিন্স।

পাবনা জেলা প্রশাসক মু. আসাদুজ্জামানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- পুলিশ সুপার মো. আকবর আলী মুন্সি, শিক্ষাবিদ কাজী কামরুজ্জামান, জেলা পরিষদ চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আব্দুর রহিম পাকন, সাংবাদিক আব্দুল মতিন খান, বিসিক কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক আফজাল হোসেন রাজা, বিশিষ্ট ব্যবসায়ী মো. লুৎফর রহমান।

স্বাগত বক্তব্য দেন বিসিক জেলা কার্যালয়ের উপব্যবস্থাপক মো. আরিফুল ইসলাম।

জেলা প্রশাসক ও বিসিক জেলা কার্যালয়ের আয়োজনে আয়োজিত ১০ দিনব্যাপী মেলার সার্বিক সহযোগিতা করছেন বিসিক শিল্প মালিক ও বিসিক শিল্পনগরী।

বিসিক শিল্পনগরীর তালিকাভুক্ত ও সুবিধাভোগী উদ্যোক্তাদের নিয়ে এই মেলার আয়োজন করা হয়েছে। মেলাতে ৪০টি স্টলে অংশগ্রহণকারী উদ্যোক্তারা তাদের নিজেদের তৈরিকৃত বিভিন্ন সামগ্রী নিয়ে পর্ষদ সাজিয়ে বসেছেন। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত মেলা প্রাঙ্গণ খোলা থাকবে।

নতুন উদ্যোক্তাদের হাতে তৈরি ও সংগৃহীত পোশাক ও হোমমেড খাবার, পাট, বাঁশ ও বেতের তৈরি সামগ্রী নিয়ে এসেছেন উদ্যোক্তারা।

মেলা উদ্বোধনের প্রথম দিনেই দর্শক আগমনে মুখরিত হয়ে ওঠে। মেলাতে প্রতিদিন সাক্ষ্যকলীন স্থানীয় সাংস্কৃতিক সংগঠনের সদস্যদের অংশ

গ্রহণে থাকছে সাংস্কৃতিক অনুষ্ঠান।

মেলা উদ্বোধনের প্রথম দিনে জেলা শিল্পকলা একাডেমি, সোনার বাংলা মা একাডেমি, উত্তরণ সাহিত্য আসর, জেলা শিশু একাডেমি ও নৃত্যাঞ্চলের শিল্পীরা সমবেত নাচ গান পরিবেশ করেন।

-B